

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, অক্টোবর ১২, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়

প্রজ্ঞাপন

তারিখ: ০৪ আশ্বিন ১৪৩৩/ ১৯ সেপ্টেম্বর ২০২৬

নং ০৩.১৪.০০০০.০৭৬.৪৫.০০৩.২০(অংশ-২)-১৩৮—জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ)-এর গভর্নিং বোর্ডের ১৯ সেপ্টেম্বর ২০২৬ তারিখে অনুষ্ঠিত ৩য় সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের কার্যক্রম অধিকতর গতিশীল, কার্যকর ও সুসংহতকরণে সুপারিশ প্রণয়নের লক্ষ্যে সরকার কর্তৃক একটি কমিটি গঠন করা হলো।

ক্রম	নাম ও পদবি	দায়িত্ব
০১	জনাব রাশেদ আল মাহমুদ তিতুমীর উপদেষ্টা (মন্ত্রী পদমর্যাদা)- অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়	আহবায়ক
০২	জনাব মাহদী আমিন উপদেষ্টা (প্রতিমন্ত্রী পদমর্যাদা)- শিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখপাত্র	সদস্য
০৩	চৌধুরী আশিক মাহমুদ বিন হাব্বুন, সিএফএ চেয়ারম্যান, ইনভেস্ট বাংলাদেশ কর্তৃপক্ষ	সদস্য
০৪	জনাব রেহান আসিফ আসাদ উপদেষ্টা (প্রতিমন্ত্রী পদমর্যাদা)-ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়	সদস্য

(২৬০৩৫)

মূল্য : টাকা ৪.০০

ক্রম	নাম ও পদবি	দায়িত্ব
০৫	অধ্যাপক ড. এস এম আব্দুল-আওয়াল মুখ্য সমন্বয়ক (এসডিজি বিষয়ক)	সদস্য
০৬	ড. মোঃ শাকিবুল ইসলাম খান প্রধানমন্ত্রীর বিশেষ সহকারী (এশিয়া প্যাসিফিক অঞ্চলের বৈদেশিক কর্মসংস্থান বিষয়ক) (সচিব পদমর্যাদা)	সদস্য
০৭	ড. নাজনীন কাউসার চৌধুরী নির্বাহী চেয়ারম্যান (সচিব), জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ	সদস্য-সচিব

২। কার্যপরিধি:

- (ক) দক্ষতা উন্নয়নে বিদ্যমান ইকো-সিস্টেমের সমস্যাসমূহ চিহ্নিতকরণ;
- (খ) দেশীয় ও আন্তর্জাতিক শ্রমবাজারের চাহিদা ও সরবরাহ সমন্বয়ের লক্ষ্যে সুপারিশ প্রদান;
- (গ) বর্তমান প্রেক্ষাপটে এনএসডিএ-এর দায়িত্ব পুনর্নির্ধারণে সুপারিশ প্রদান;
- (ঘ) দক্ষতা উন্নয়নে সমন্বিত পরিকল্পনা প্রণয়নে সুপারিশ প্রদান;
- (ঙ) দক্ষতা সনদের আন্তর্জাতিক স্বীকৃতি (Accreditation of Certificate) নিশ্চিতকরণে সুপারিশ প্রদান।

৩। কমিটি ৫ নভেম্বর ২০২৬ তারিখের মধ্যে প্রতিবেদন দাখিল করবে।

৪। কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এ বি এম আব্দুস সাত্তার
প্রধানমন্ত্রীর মুখ্য সচিব।